

মেসি-সুয়ারেজদের বিশ্রাম দেওয়ার 'চরম মূল্য' দিল বার্সা

সবশেষ ম্যাচের মূল একাদশের মাত্র দুজনকে রেখে দল সাজিয়েছিলেন বার্সেলোনা কোচ আর্নেস্টো ভালভার্দে। কিন্তু তার পরিকল্পনাটা একেবারে মাঠে মারা গেছে। দিতে হয়েছে চরম মূল্য। লিওনেল মেসি-লুইস সুয়ারেজদের না থাকার ফায়দাটা ভালোভাবেই তুলে নিয়েছে পুঁচকে লেভান্তে।

নতুন বছরে প্রথম হারের স্বাদ পেয়েছে বার্সা। স্প্যানিশ কোপা দেল রে'র শেষ ১৬'র প্রথম লেগে লেভান্তের মাঠে ২-১ ব্যবধানে হেরেছে তারা। বৃহস্পতিবার রাতে স্বাগতিকদের পক্ষে একটি করে গোল করেন এরিক কাবাকো ও বোরহা মায়োরাল। প্রতিযোগিতার বর্তমান চ্যাম্পিয়নদের পক্ষে ম্যাচের শেষ দিকে ব্যবধান কমান ব্রাজিলিয়ান তারকা ফিলিপ কৌতিনহো।

ম্যাচে বার্সার হজম করা গোল দুটি যথারীতি তাদের রক্ষণভাগের কার্যকারিতাকে প্রশ্নবিদ্ধ করেছে। ভ্যালেন্সিয়া থেকে ধারে আসা হেইসন মুরিয়ো কাতালানদের জার্সিতে নিজের প্রথম ম্যাচ খেলতে নেমেছিলেন। রক্ষণের কেন্দ্রে তার সঙ্গী হিসেবে ছিলেন টিনএজার চুমি। তাদের অনভিজ্ঞতাকে কাজে লাগিয়ে ম্যাচের ১৮ মিনিটের মধ্যে দুই গোলে এগিয়ে যায় লেভান্তে।

তিন সপ্তাহ আগে লা লিগায় একই মাঠে লেভান্তেকে ৫-০ গোলে উড়িয়ে দিয়েছিল বার্সেলোনা। সে ম্যাচে মেসি করেছিলেন হ্যাটট্রিক। সুয়ারেজের পা থেকে এসেছিল এক গোল। কিন্তু এদিন তাদের অনুপস্থির সুযোগ নিয়ে প্রথম থেকেই দারুণ ফুটবল খেলেছে লেভান্তে।



ম্যাচের চতুর্থ মিনিটে ফ্রি-কিক থেকে হেডে লক্ষ্যভেদ করে লেভান্তেকে এগিয়ে নেন কাবাকো। এরপর এমানুয়েল বোয়াটেং দুটি সুবর্ণ সুযোগ নষ্ট না করলে ব্যবধান বাড়াতে পারত দলটি। ১৮তম মিনিটে নিজের আগের ভুলের প্রায়শ্চিত্ত করেন বোয়াটেং। তার রক্ষণচেরা পাস নিয়ন্ত্রণে নিয়ে দারুণ দক্ষতায় বার্সা গোলরক্ষক জ্যাসপার সিলেসেনকে পরাস্ত করেন মায়োরাল।

প্রথমার্ধে দুদলই গোল করার বেশ কিছু ভালো সুযোগ পেয়েছিল। কিন্তু সুবিধাজনক অবস্থানে থেকেও লেভান্তের গোলরক্ষক এইতর ফার্নান্দেজের দুর্গে হানা দিতে পারেননি ওসমান দেষেলে ও ম্যালকম। আর বিরতির ঠিক আগে বার্সার রক্ষাকর্তার ভূমিকায় অবতীর্ণ হন পুরো ম্যাচে দুর্দান্ত খেলা নেদারল্যান্ডস গোলরক্ষক সিলেসেন।

ভাগ্য বদলাতে দ্বিতীয়ার্ধে দেনিস সুয়ারেজকে মাঠে নামান ভালভার্দে। তার কল্যাণেই পেনাল্টি পায় বার্সেলোনা। ডি-বক্সের ভেতরে প্রতিপক্ষ ডিফেন্ডার কোকের ফাউলের শিকার হন তিনি। ৮৫তম মিনিটে স্পট-কিক থেকে বল জালে জড়াতে ভুল করেননি কৌতিনহো। তবে কাঙ্ক্ষিত দ্বিতীয় গোলের দেখা পায়নি স্প্যানিশ পরাশক্তির।

এই হারে অবশ্য বার্সার পরের পর্বে ওঠার সব সুযোগ হাতছাড়া হয়ে যায়নি। আগামী বৃহস্পতিবার রাতে দ্বিতীয় লেগে ঘরের মাঠ ন্যু ক্যাম্পে লেভান্তেকে আতিথ্য দেবে তারা। এর আগে লা লিগার পয়েন্ট তালিকার শীর্ষে থাকা বার্সেলোনা নিজেদের মাঠেই মুখোমুখি হবে এইবারের।

এসএইচ